

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ৩, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি-১ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ১৯ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ/০২ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

নং ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৩-২২—অবসর-উত্তর ছুটি (পিআরএল) কাল পেনশনযোগ্য চাকরি
কিনা, অবসর-উত্তর ছুটিকালে আর্থিক সুযোগ-সুবিধার প্রাপ্যতা এবং অবসরের তারিখ, এলপিআর শুরুর
তারিখ, চূড়ান্ত অবসর শুরুর তারিখ ইত্যাদি বিষয়সমূহ নিম্নরূপভাবে স্পষ্টীকরণ করা হলো :

- (১) অবসর প্রস্তুতিমূলক ছুটিকে (এলপিআর) অবসর-উত্তর ছুটিতে (পিআরএল) রূপান্তর করায়
অবসর-উত্তর ছুটি (পিআরএল) কাল পেনশনযোগ্য চাকরি হিসেবে গণনাযোগ্য হবে না। তবে,
অবসর প্রস্তুতিমূলক ছুটি (এলপিআর) কালীন প্রাপ্ত অন্যান্য সকল সুযোগ-সুবিধা অবসর-উত্তর
(পিআরএল) ছুটিকালীনও বহাল থাকবে।
- (২) জনাব 'ক' এর জন্ম তারিখ ০১-০১-১৯৬২ খ্রিঃ। একটি উদাহরণের মাধ্যমে তার অবসর গ্রহণ,
পিআরএল ও চূড়ান্ত অবসর গ্রহণের তারিখ নিম্নোক্তভাবে দেখানো হলো :
 - (ক) জনাব 'ক' এর ৫৯ বছর বয়স পূর্তি হবে ৩১-১২-২০২০ খ্রিঃ তারিখে এবং ৩১-১২-
২০২০ খ্রিঃ তারিখ অপরাহ্নে তিনি অবসর গ্রহণ করবেন।
 - (খ) ছুটি পাওনা সাপেক্ষে মঞ্জুরীকৃত অবসর-উত্তর ছুটি (পিআরএল) আরম্ভ হবে তার অবসর
গ্রহণের পরের দিন অর্থাৎ ০১-০১-২০২১ খ্রিঃ তারিখে। তিনি ১২ মাস অবসর-উত্তর ছুটি
(পিআরএল) ভোগ করলে তার ছুটি শেষ হবে ৩১-১২-২০২১ খ্রিঃ তারিখে এবং তার
চূড়ান্ত অবসর গ্রহণের তারিখ হবে ০১-০১-২০২২ খ্রিঃ।
 - (গ) অবসর উত্তর ছুটি (পিআরএল) ভোগ না করলে তার চূড়ান্ত অবসর গ্রহণের তারিখ হবে
৩১-১২-২০২০ খ্রিঃ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খালেদা নাছরিন

সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৬০৫৯)

মূল্য : টাকা ৪.০০